দৈনিক সংবাদ

তারিখ 14 OCT 1996
পৃষ্ঠা কলাম

সাংবাদিকদের সঙ্গে উপাচার্য

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরো দু'টি নতুন হল হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানের জন্য আরো দু'টি নতুন হল তৈরি করা হবে। এছাড়া ক্যাম্পাসের পরিধি বাড়ানোর জন্য বিশাল জায়গার ব্যবস্থা করা হয়েছে। গতকাল রোববার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যদের সাথে মত

হল ঃ পৃঃ ১২ কঃ ৮

## হল ঃ হবে

(১ম পৃষ্ঠার পর)

বিনিময়কালে উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী একথা জানান। উপাচার্যের কার্যালয়ে এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর ডঃ এ কে এম নূর-উন-নবী, সাংবাদিক সমিতির সভাপতি এম কে মোর্শেদ, সাধারণ সম্পাদক শরীফুজ্জামান পিন্টু প্রমুখ।

সাংবাদিকদের উদ্দেশে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি সম্পর্কে উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ থেকে কোন বিচ্ছিন্ন দ্বীপ নয়। সমাজের প্রতিফলন এর ওপর পড়বেই, তাই সমাজের কয়েকটি বিচ্ছিন্ন ঘটনার মত বিশ্ববিদ্যালয়েও বিচ্ছিন্ন ঘটনা ঘটতে পারে। তবে বিশ্ববিদ্যালয়ে এ ঘটনাগুলো ঘটার কারণ হচ্ছে, এখানে যারা আছে তারা সবাই তরুণ। বয়সের কারণে এবং অনেকটা মূল্যবোধের অবক্ষয়ের কারণেই এ ঘটনাগুলো ঘটছে।

ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে উপাচার্য বলেন, সন্ত্রাস কোন স্থায়ী সমস্যা নয়, একটি সাময়িক ঘটনা। তাই আমি দলের উর্ধ্বে থেকে বিশ্ববিদ্যালয় হতে নিরপেক্ষ-ভাবে সন্ত্রাস দূর করে ক্যাম্পাসে শান্তি ফিরিয়ে আনা এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশের সাথে মেধা [illegible] জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাব।

উপাচার্য বলেন, ছাত্রছাত্রীদের আবাসিক সমস্যা সমাধানের জন্য দু'টি নতুন হলের ব্যাপারে কথা হয়েছে। আগামী বছর থেকেই এ কাজ শুরু হবে। দু'টি হলের ১টি ছাত্রদের, অন্যটি ছাত্রীদের জন্য বলে তিনি জানান।

### এসএম হল পরিদর্শন

গতকাল সাংবাদিকদের সাথে বৈঠক-কালে উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বিভিন্ন হলে আকস্মিক পরিদর্শনের সিদ্ধান্ত ব্যক্ত করেন। এ সময় তিনি মাঝে মধ্যেই সাধারণ ছাত্রছাত্রীদের কাছ থেকে সরাসরি তাদের সমস্যা, অভিযোগ শোনার সিদ্ধান্ত ব্যক্ত করেন।